

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৩৫০০.০১৭.২৭.০০৩.১৯- ৫৬৪

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ।
১১ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার কান্দি ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব নুর আলম সিকদার এর বিরুদ্ধে কোটালীপাড়া থানায় ১৪৩/৪৪৭/৩২৩/৫০৬ ধারায় দায়েরকৃত জি আর মামলা নং-১৯১/২০১৮, তারিখ: ০৫/০৮/২০১৮ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে এবং জেলা প্রশাসক, গোপালগঞ্জ বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার কান্দি ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব নুর আলম সিকদার এর বিরুদ্ধে কোটালীপাড়া থানায় ১৪৩/৪৪৭/৩২৩/৫০৬ ধারায় দায়েরকৃত জি আর মামলা নং-১৯১/২০১৮, তারিখ: ০৫/০৮/২০১৮ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার কান্দি ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব নুর আলম সিকদার কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৩৫০০.০১৭.২৭.০০৩.১৯- ৫৬৪


তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ।
১১ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব নুর আলম সিকদার, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), কান্দি ইউনিয়ন পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব